

প্রেস রিলিজ
৪ ডিসেম্বর ২০২৪

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এবং যুব উন্নয়ন অধিদপ্তর (DYD), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের (MOYS) মধ্যে আজ ৪ ডিসেম্বর ২০২৪ তারিখ বুধবার বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রের একাডেমিক কাউন্সিলের সভা কক্ষে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। যুব উন্নয়ন অধিদপ্তর (DYD) এর মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান এবং বাউবির উপাচার্য প্রফেসর ড. এ.বি.এম. ওবায়দুল ইসলাম আনুষ্ঠানিকভাবে এ সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। বিশ্বব্যাংক অর্থায়িত ইকোনমিক এক্সেলারেশন অ্যান্ড রেজিলিয়েন্স ফর এনইইটি (EARN) প্রকল্পের অধীনে ২০২৫ সালের শুরুতে বাউবিতে এসএসসি (কারিগরি) প্রোগ্রাম চালু করা হবে।



সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে বক্তব্য দানকালে উপাচার্য প্রফেসর ড. এ.বি.এম. ওবায়দুল ইসলাম বলেন, "এই সহযোগিতা আমাদের শিক্ষার গণতান্ত্রিকরণ এবং উদ্ভাবনী ও অন্তর্ভুক্তিমূলক পদ্ধতির মাধ্যমে অবহেলিত সম্প্রদায়গুলিকে ক্ষমতায়ন করার মিশনে একটি মাইলফলক।" প্রোগ্রামটি কারিগরি শিক্ষাকে উন্মুক্ত এবং দূরশিক্ষা পদ্ধতির সাথে একীভূত করে সহজলভ্য, দক্ষতাভিত্তিক শিক্ষা নিশ্চিত করবে। উপাচার্য আরো বলেন, আমাদের যৌথ প্রচেষ্টায় পরিচালিত এ প্রকল্পটি দেশের শিক্ষা ও প্রশিক্ষণবিহীন বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখবে।

বিশ্বব্যাংকের সিনিয়র সামাজিক উন্নয়ন বিশেষজ্ঞ ও EARN প্রকল্পের কোর্সিটিএল সাবাহ মঈন বলেন, "এই প্রোগ্রামটি টেকসই যুব উন্নয়ন এবং অন্তর্ভুক্তিমূলক শিক্ষার প্রতি বৈশ্বিক প্রতিশ্রুতির প্রতিফলন। বাংলাদেশে এমন একটি উদ্ভাবনী উদ্যোগে সহায়তা করতে পেরে আমরা গর্বিত।"

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান বলেন, "এই সমঝোতা স্মারক কেবল একটি চুক্তি নয়, বরং আমাদের যুবকদের ভবিষ্যতের প্রতি একটি প্রতিশ্রুতি। বাউবি'র সঙ্গে মিলে আমরা এই তরুণদের তাদের সক্ষমতা উপলব্ধি করার সুযোগ সৃষ্টি করব।"

উপাচার্য প্রফেসর ড. এ.বি.এম. ওবায়দুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, উপ-উপাচার্য (শিক্ষা) প্রফেসর ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর ড. সাঈদ ফেরদৌস, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. মোসা: শিরিন সুলতানা, বাউবি EARN সেলের পরিচালক প্রফেসর ড. সাবিনা ইয়াসমিন ও যুব উন্নয়ন অধিদপ্তরের EARN প্রকল্পের পরিচালক কাজী মোখলেছুর রহমান।

অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন EARN প্রকল্পের উপ-পরিচালক (এডমিন ও প্রোকিউরমেন্ট) প্রফেসর ড. মো. সিরাজুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাউবির NEET প্রোগ্রামের সমন্বয়ক ড. মো: মিজানুর রহমান।

অনুষ্ঠানে বাউবির বিভিন্ন স্কুলের ডিন, শিক্ষক, বিভিন্ন বিভাগের পরিচালক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইল- ০১৭১১২০৭৬৯৮

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা